



ঘূর্ণীঝড় বুলবুল পরবর্তী বিশেষ কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ

প্রকাশের তারিখ : ১১ নভেম্বর ২০১৯

(খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, ভোলা, বরিশাল, কক্সবাজার, নোয়াখালী, বরগুনা, পটুয়াখালী, চট্টগ্রাম, বান্দরবান, ঝালকাঠি, চাঁদপুর, পিরোজপুর ও ফেনী জেলার জন্য প্রযোজ্য)

১. ফসলের জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
২. জমি থেকে পানি সরে গেলে বোরো বীজতলা তৈরি এবং সরিষা, ভুট্টা, ডাল, আলু ইত্যাদি বপন শুরু করুন।
৩. পরিপক্ক ও হলে পড়া ধান দ্রুত সংগ্রহ করে নিরাপদ স্থানে রাখুন।
৪. অপরিপক্ক ও হলে পড়া ধানের পাঁচ/ছয়টি গোছা একসাথে বেঁধে দিন।
৫. ক্ষতিগ্রস্ত ধানের জমিতে অতিরিক্ত পানি নিষ্কাশনের পর পটাশ সার উপরি প্রয়োগ করুন।
৬. জমি থেকে পানি সরে যাওয়ার পর পুনরায় সবজির বীজ বপন এবং চারা রোপন করুন।
৭. গবাদি পশু এবং হাঁস-মুরগি নিরাপদ এবং শুকনো জায়গায় রাখুন।
৮. বন্যার কর্দমাক্ত পানির কারণে পুকুরে অক্সিজেনের স্বল্পতা দেখা দিতে পারে, তাই বাঁশ দিয়ে পুকুরের পানি নেড়ে দিতে হবে।